জীবননগরের হাসাদাহে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

জীবননগর উপজেলার হাসাদাহে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৩ ঘটিকার সময় হাসাদাহ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

উক্ত ফাইনাল খেলায় অংশগ্রহণ করে ঝিনাইদহ বিষয়খালী ফুটবল একাদশ ও জীবননগর খেলোয়াড় কল্যাণ সমিতি ফুটবল একাদশ। উক্ত খেলায় জীবননগর খেলোয়াড় কল্যাণ সমিতিকে দুই এক গোলে পরাজিত করে ঝিনাইদহ বিষয়খালী ফুটবল একাদশ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে উভয় দলের টিম ম্যানেজারের হাতে পুরস্কার বিতরণ করা হয়।

হাসাদাহ ইউনিয়ন যুবলীগের সভপতি জুম্মত আলী মন্ডলের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান গোলাম মোতুর্জা।

এছাড়াও উপস্থিত ছিলেন হাসাদাহ ইউপি চেয়ারম্যান রবিউল ইমলাম রবি বিশ^◌াস, চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪ নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু, জীবননগর উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুস ছালাম ঈষা, হাসাদাহ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুর রহমান, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক, হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, কোষাধ্যক্ষ বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, হাসাদাহ ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শুকুর আলী, হাসাদাহ ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি মিন্টু রহমানসহ হাসাদাহ ইউনিয়নের সকল নেতৃবৃন্দ।

উক্ত খেলাটি সার্বিক পরিচালনা করেন ঢাকা ফেডারেশনের স্বীকৃতি প্রাপ্ত রেফারি সোহেল রানা, সহকারী হিসেবে ছিলেন ইসমাইল হোসেন ও হাবিবুর রহমান। খেলাটির ধারাভাষ্যকারে ছিলেন খোরশেদ আলম এবং ছাব্বির হোসেন ।

জাতীয় দলের নির্বাচক হলেন আবদুর রাজ্জাক

ঘরোয়া ক্রিকেটকে বিদায় জানানোর আগেই আবদুর রাজ্জাককে জাতীয় ক্রিকেট দলের নির্বাচক হিসেবে নিয়োগ দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। নির্বাচক প্যানেলে মিনহাজুল আবেদিন নান্নু ও হাবিবুল বাশার সুমনের সঙ্গী হলেন রাজ্জাক।

বুধবার সন্ধ্যায় ছিল বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কার্যনির্বাহী কমিটির বৈঠক। সেখানেই জাতীয় দলের তৃতীয় নির্বাচক হিসেবে রাজ্জাককে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। বিসিবির প্রধান নির্বাহী নিজাম উদ্দিন চৌধুরী সভার পর বিষয়টি নিশ্চিত করেছেন।

দীর্ঘদিন ধরে নির্বাচক প্যানেলে তিন নম্বর স্থানটি খালি ছিল। মিনহাজুল আবেদিন নান্নু এবং হাবিবুল বাশার সুমনই দায়িত্ব পালন করে আসছিলেন। এবার তৃতীয় সঙ্গী হিসেবে তারা পেলেন সাবেক সফল ক্রিকেটার আবদুর রাজ্জাককে।

এ বিষয়ে আবদুর রাজ্জাক বলেন, ‘বোর্ডকে ধন্যবাদ, নির্বাচক হিসেবে আমাকে মনোনীত করার জন্য। আমি আমার সর্বোচ্চটা দিতে চেষ্টা করবো নির্বাচক হিসেবে কাজ করতে। নান্নু ভাই, সুমন ভাইয়ের মতো অভিজ্ঞরা রয়েছেন। তাদের সঙ্গে কাজ করতে পারবো, এটা আমার অনেক বড় সৌভাগ্য। সবার কাছে দোয়া চাই, যেন দায়িত্ব ঠিকভাবে পালন করতে পারি।’

১৩৭টি প্রথম শ্রেণির ম্যাচ ছাড়াও রাজ্জাক ১৩টি টেস্ট, ১৫৩টি ওয়ানডে ও ৩৪টি আন্তর্জাতিক টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন। টেস্টে নিয়েছেন ২৮ উইকেট, ওয়ানেডেতে ২০৭ উইকেট ও আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে নিয়েছেন ৪৪টি উইকেট। প্রথম শ্রেণির ক্রিকেটে তার উইকেট সংখ্যা ৬৩৪টি। জাতীয় দলের হয়ে তিনি সর্বশেষ খেলেছেন ২০১৮ সালে শ্রীলঙ্কার বিপক্ষে মিরপুর টেস্টে।

ভারতে পৌঁছাল ইংল্যান্ড ক্রিকেট দল, বিমানবন্দরেই দিতে হলো করোনা টেস্ট

ভারতের বিরুদ্ধে পূর্ণাঙ্গ সিরিজ খেলতে এখন ভারতে অবস্থান করছে ইংল্যান্ড ক্রিকেট দল। গতকাল বুধবার (২৭ জানুয়ারী) বিকেলে শ্রীলঙ্কা থেকে চেন্নাই পৌঁছান ইংল্যান্ড ক্রিকেটাররা। বিমানবন্দরে পৌঁছনোর পর কোভিড-১৯ পরীক্ষা দিতে হয়েছে জো রুটদের।

শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজ জয় করে ভারতে পা রাখল রুটবাহিনী। দলকে সামনে থেকে নেতৃত্ব দেন ক্যাপ্টেন রুট। গলে দুই টেস্টে সিরিজে প্রথম টেস্টে ডাবল সেঞ্চুরি এবং দ্বিতীয় টেস্টে ১৮৬ রানের ইনিংস খেলে বুঝিয়ে দিয়েছেন উপমহাদেশে ব্যাট করতে তৈরি হয়েই এসেছেন তিনি। ভারতের চিপকে ক্যারিয়ারের শততম টেস্ট খেলতে নামবেন রুট। ভারতের বিরুদ্ধে চ্যালেঞ্জ নিতে মুখিয়ে রয়েছেন ইংল্যান্ড ক্যাপ্টেন। বিদেশের মাটিতে টানা ৫টি টেস্ট ম্যাচ জিতে ভারতের বিরুদ্ধে খেলতে নামছে ইংল্যান্ড।

চার টেস্টের সিরিজ ছাড়াও পাঁচটি টি-২০ এবং তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলবে ইংল্যান্ড। চেন্নাইয়ে ৫ ফেব্রুয়ারি থেকে টেস্ট সিরিজ শুরু। দ্বিতীয় টেস্ট ম্যাচটিও হবে চিপকে। সিরিজের পরের দু’টি টেস্ট হবে আহমদাবাদে বিশ্বের সবচেয়ে বড় ক্রিকেট স্টেডিয়াম মোতেরায়। কোভিড-১৯ এর কারণে চারটি টেস্ট হচ্ছে মাত্র দু’টি ভেন্যুতে।

ইংল্যান্ড সিরিজ দিয়েই ঘরের মাঠে করোনা পরবর্তী আন্তর্জাতিক ক্রিকেটে খেলতে নামছে ভারত। গত বছর মার্চে শেষবার টিম ইন্ডিয়া ঘরের মাঠে আন্তর্জাতিক ক্রিকেট খেলেছিল। নভেম্বরে আইপিএলের পর দুবাই থেকে সরাসরি অস্ট্রেলিয়া উড়ে গিযেছিল ভারতীয় ক্রিকেট দল।

আগেই চেন্নাই পৌঁছেছেন ভারতীয় ক্রিকেটাররা। মঙ্গলবার (২৬ জানুয়ারী) রাতে মুম্বাই থেকে চেন্নাই পৌঁছান রোহিত শর্মা ও

আজিংকা রাহানে। তাদের সঙ্গে একই বিমানে চেন্নাই পৌঁছেছেন শার্দুল ঠাকুর। বিমানবন্দর থেকে সরাসরি হোটেলে লীলা প্যালেসে পৌঁছান টিম ইন্ডিয়ার এই ক্রিকেটাররা। পরে বিরাট কোহলিসহ দলের বাকি ক্রিকেটাররা চেন্নাই পৌঁছান। হোটেলে ৬ দিন কোয়ারেন্টাইনে থাকতে হবে ক্রিকেটারদের। তারপর প্র্যাকটিসে নামার সুযোগ পাবেন বিরাটরা।

তামিলনাড়ু ক্রিকেট বোর্ডের এক সদস্য জানিয়েছেন, দুই দলের ক্রিকেটার এবং ম্যাচ অফিসিয়ালরা একই হোটেলে থাকছেন। ৬ দিনের কোয়ারেন্টাইনে থাকার পর ২ ফেব্রুয়ারি থেকে অনুশীলন শুরু করবে দুই দলের ক্রিকেটাররা।

এমনই একজনের খোঁজে ছিলাম আমরা: তামিম

একটা সময় ছিল যখন পেস বোলিং নিয়ে রীতিমত সংগ্রাম করতে হয়েছে বাংলাদেশ ক্রিকেটকে। কিন্তু গত কয়েক বছর ধরে সে পরিস্থিতি পাল্টেছে, প্রতিনিয়ত হচ্ছে উন্নতি। যেখানে সর্বশেষ সংযোজন মাহমুদ হাসান।

হাসান তার অভিষেক ম্যাচেই শিকার করেন তিনটি উইকেট। দ্বিতীয় ম্যাচেও একটি উইকেট নিয়েছেন তিনি। তৃতীয় ম্যাচে তাকে বিশ্রাম দেওয়া হয়। হাসানের অভিষেক নিয়ে সন্তুষ্ট অধিনায়ক তামিম। তিনি জানান, টিম ম্যানেজমেন্ট যেমন একজন পেস বোলারের খোঁজে ছিল হাসান তাদেরকে সেটাই দিতে পেরেছে।

হাসানকে নিয়ে আশাবাদী তামিম বলেন, ‘একসময় আমাদের ক্রিকেটে ভালো ফাস্ট বোলারের অভাব ছিল। কিন্তু এখন পাইপলাইনে অনেক বোলার আছে। দেখুন, এখন দুই-তিনজন ভালোমানের ফাস্ট বোলারও বসে থাকছে, একাদশে জায়গা হয় না।

তারা সবাই চ্যালেঞ্জিং এবং এটা খুবই ভালো একটা দিক। হাসানের (মাহমুদ) দারুণ অভিষেক হয়েছে। আমরা যেমন- একজনকে খুঁজছিলাম,

গতিতে বল করবে এবং মাঝের ওভারগুলোতে উইকেট নিবে। আমার মনে হাসান ঠিক সেই একজনই।’

টাইগারদের ঘূর্ণি সামলাতে ক্যারিবীয় শিবিরে বাড়তি আয়োজন

ওয়ানডে সিরিজে টাইগারদের সামনে দাঁড়াতেই পারেনি টিম ওয়েস্ট ইন্ডিজ। সাকিব আল হাসান ও মেহেদী হাসান মিরাজের স্পিন সামলাতে হিমশিম খেয়েছিলেন ক্যারিবীয় ব্যাটসম্যানরা।

হোয়াইটওয়াশ হওয়ার পর সফরকারী কোচ ফিল সিমন্সও বাংলাদেশের স্পিন মোকাবিলায় আরও কাজ করার তাগিদ অনুভব করেন। দুই ম্যাচের টেস্ট সিরিজে স্বাগতিক স্পিনারদের সামলাতে নেটে বাড়তি কাজ করছেন ব্যাটসম্যানরা, এমনটা জানালেন ।

উইন্ডিজ পেসার কেমার রোচ বলেন, ‘স্পিন নিয়ে অনেক কাজ করছে ব্যাটসম্যানরা। তারা শুনছে এবং কীভাবে উন্নতি করা যায় জানতে চাচ্ছে। যা দেখতে পাচ্ছি তাতে আমি খুব খুশি। আমি নিশ্চিত তারা ভালো করবে।’

ডানহাতি এই পেসার আরও যোগ করেছেন, ‘স্পিন ভালো খেলার বিষয়টি মাথায় রেখে ছেলেরা বাড়তি কাজ করে যাচ্ছে। তারা বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে, তাদের পা ব্যবহার করছে, সুইপ করছে। এখানে আসার পর থেকে ছেলেদের কাজের ধরনে উন্নতি দেখতে পাচ্ছি। আমি আশা করি তারা টেস্ট সিরিজে ভালো ফল দেখবে এবং ওয়েস্ট ইন্ডিজের জন্য একটি ম্যাচ জিতবে।’

পাকিস্তানকে ছাড়িয়ে অস্ট্রেলিয়ার পরই বাংলাদেশ

ওয়েস্ট ইন্ডিজের সাথে তিন ম্যাচের তিনটিতেই জিতে বাংলাদেশের পয়েন্ট এখন ৩০। এর ফলে পাকিস্তান, ইংল্যান্ডের মতো দলকে ছাড়িয়ে ওয়ানডের সুপার লিগের পয়েন্ট তালিকায় বাংলাদেশ ২ নম্বরে উঠে গেছে।

৪০ পয়েন্ট নিয়ে সবার ওপরে অস্ট্রেলিয়া। ইংল্যান্ডের পয়েন্ট বাংলাদেশের সমান ৩০। তবে নেট রানরেটে এগিয়ে আছে বাংলাদেশ। ফলে বাংলাদেশ তালিকায় ২ নম্বরে আছে আর ইংল্যান্ড ৩ নম্বরে। পাকিস্তান ২০ পয়েন্ট নিয়ে ৪ নম্বরে।

এই সুপার লিগই ঠিক করে দেবে ভারতে অনুষ্ঠিত হতে যাওয়া ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে কারা সরাসরি খেলবে, আর কারা খেলবে না। করোনার কারণে শুরুটা বিলম্বিত হলেও গত ৩০ জুলাই ইংল্যান্ড ও আয়ারল্যান্ডের ম্যাচ দিয়ে শুরু হয়েছে ওয়ানডে সুপার লিগ। সুপার লিগের অংশ বলেই এখন আর কোনো ম্যাচই অন্য ম্যাচের চেয়ে ছোট নয়।

বাংলাওয়াশ উইন্ডিজ

ঢাকা পর্বেই সিরিজ জিতে নিয়েছে বাংলাদেশ। আজ চট্টগ্রামে শেষ ওয়ানডেতে ১২০ রানে হেরে ধবলধোলাই হলো সফরকারী ওয়েস্ট ইন্ডিজ।

এ নিয়ে উইন্ডিজদের বিপক্ষে দ্বিপাক্ষিক লড়াইয়ে টানা তৃতীয়বারের মতো সিরিজ জিতল বাংলাদেশ।

আজ চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে বাংলাদেশের দেওয়া ২৯৮ রানের লক্ষ্যে ব্যাটিংয়ে নেমে ৪৪.২ ওভারে ১৭৭ রানে গুটিয়ে যায় উইন্ডিজ।

এর আগে টসে হেরে চার পাণ্ডব তামিম ইকবাল, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম ও মাহমুদউল্লাহ রিয়াদের ঝড়ো ফিফটিতে ৬ উইকেটে ২৯৭ রান করে বাংলাদেশ।

ঢাকার মিরপুরে সিরিজে প্রথম দুই ম্যাচেও দাপুটে জয় পায় টাইগাররা।

শুরুতেই টাইগার শিবিরে হানা, শূন্য রানে লিটনের বিদায়

চট্টগ্রামের সাগরিকার জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে তৃতীয় ও শেষ ওয়ানডেতে মাঠে নেমেছে ওয়েস্ট ইন্ডিজ ও বাংলাদেশ। টাইগারদের টার্গেট হোয়াইট ওয়াশ, আর ক্যারিবীয়দের চেষ্টা অন্তত একটি জয়। টস জিতে বোলিংয়ের সিদ্ধান্ত নিয়েছেন ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক জেসন মোহাম্মদ।

দিনের শুরুটা মোটেও ভালো হয়নি টাইগারদের। দলীয় ১ রানে শূন্য হাতে বিদায় নিয়েছেন লিটন দাস। আলজারি জোসেফের বলে এলবিডব্লিউ হয়ে বিদায় নেন এই টাইগার ওপেনার।

এ ম্যাচে বাংলাদেশ একাদশে জায়গা করে নিয়েছেন পেসার তাসকিন আহমেদ ও অলরাউন্ডার সাইফউদ্দিন। আর জায়গা হারিয়েছেন হাসান মাহমুদ ও রুবেল হোসেন।
বাংলাদেশ একাদশ:

লিটন দাস, তামিম ইকবাল (অধিনায়ক), নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম (উইকেটরক্ষক), সৌম্য সরকার, মাহমুদউল্লাহ, মোহাম্মদ সাইফউদ্দিন, মেহেদী হাসান মিরাজ, তাসকিন আহমেদ, মুস্তাফিজুর রহমান।

ক্যারিবীয় দলে দুটি পরিবর্তন এসেছে। বাদ পড়েছেন জোসুয়া দা সিলভা ও অ্যান্ড্রে ম্যাকার্থি। তার বদলে অভিষেক হলো জাহমার হ্যামিল্টন ও কেওন হার্ডিংয়ের।

ওয়েস্ট ইন্ডিজ একাদশ:
সুনীল আমব্রিস, কেওর্ন ওটলি, জাহমার হ্যামিল্টন (উইকেটরক্ষক), জেসন মোহাম্মদ (অধিনায়ক), কাইল মায়ার্স, এনক্রুমাহ বোনার, রোভম্যান পাওয়েল, রেমন রেইফার, কেওন হার্ডিং, আলজারি জোসেফ,

আকিল হোসেন।

চুয়াডাঙ্গা ভিমরুল্লা স্পোর্টিং ক্লাবের ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পৌরসভার ভিমরুল্লা গ্রামের জেলখানার মাঠে ভিমরুল স্পোর্টিং ক্লাবের উদ্যোগে ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা ও বিজয় খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৪ টার সময় উক্ত খেলায় অংশ গ্রহণ করে উজিরপুর একাদশ ও মোহন একাদশ চুয়াডাঙ্গা। খেলায় চ্যাম্পিয়ন হয় উজিরপুর একাদশ এবং রানার্সআপ হয় মোহন একাদশ।

উক্ত ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট (নেজারত, ট্রেজারি এবং গোপনীয় শাখা) আমজাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ হযরত আলী, এছাড়া আরো উপস্থিত ছিলেন এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

আত্মঘাতী গোলে আর্সেনালের

বিদায়

সাউদাম্পটনের কাছে ১-০ গোলে হেরে ইংলিশ এফএ কাপের চতুর্থ রাউন্ড থেকেই বিদায় নিলো বর্তমান চ্যাম্পিয়ন আর্সেনাল। অন্যদিকে, এটি এফএ কাপে আর্সেনালের বিপক্ষে সাউদাম্পটনের পাওয়া প্রথম জয়।

আর্সেনালের বিপক্ষে ঘরের মাঠে শনিবার শুরু থেকেই দারুণ খেলছিল সাউদাম্পটন। ২৪ মিনিটে গ্যাব্রিয়েলের আত্মঘাতী গোলে এগিয়ে যায় তারা। দ্বিতীয়ার্ধে আর্সেনাল তাদের পারফরম্যান্সের ধার বাড়ায়। তৈরি করে বেশ কিছু সুযোগও। কিন্তু সেগুলোর কোনোটি থেকেই গোল আদায় করে নিতে পারেনি।

আর্সেনালের মতো সাউদাম্পটনও বাকি সময়ে বেশ কিছু সুযোগ তৈরি করে। কিন্তু তারাও আর জালের নাগাল পায়নি। তাতে গ্যাব্রিয়েলের আত্মঘাতী গোলই ভাগ্য বদলে দেয় ম্যাচের। আর সাউদাম্পটনকে টিকিট পাইয়ে দেয় পঞ্চম রাউন্ডের। যেখানে ফেব্রুয়ারিতে উলভারহ্যাম্পটন ওয়ান্ডারার্সের মুখোমুখি হবে তারা।